নির্বাচনের আগেই রাতের আধারে পকেট কমিটি গঠন

চুয়াডাঙ্গা জীবননগর মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয় জীবননগর উপজেলার অন্তরগত মনোহরপুর ইউনিয়নে অবস্থিত।

অত্র বিদ্যালয়টি তার দীর্ঘ দিনের সুনাম আর ঐতিহ্যকে ধারণবাহন করে বহুপথ অতিক্রম করে ভালই চলে আসছিল। কিন্তু চলতি বছরে ম্যানেজিং কমিটির তফসিল ঘোষণার পরপরই সভাপতি নির্বাচনে নানা অনিয়মের অভিযোগে এবং প্রধান শিক্ষকের নানা অনিয়মে জর্জরিত ভানমতির খেলের কারণে শিক্ষাঙ্গনে বিরোধী অনৈতিক কিছু কার্যকলাপের দরুন বিদ্যালয়টি তার দীর্ঘ দিনের সুনাম আর ঐতিহ্যকে হারাতে বসেছে।

একের পর এক অনিয়ম আর দুর্নীতি যেন গ্রাস করে নিচ্ছে বিদ্যালয়টিকে। জীবননগর উপজেলাধীন মনোহরপুর ইউনিয়নের ঐতিহ্যবাহী মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ম্যানেজিং কমিটি গঠনে সঠিকভাবে সরকারী নিয়ম-নীতি অনুসরণ না করে অনিয়ম, দুর্নীতি ও অফিস সহকারীর যোগসাজে নতুন কমিটি গঠনের পায়তারার খবর পাওয়া গেছে। সরকারী নিয়ম-নীতি উপেক্ষা করার সুনির্দিষ্ট অভিযোগ থাকা সত্ত্বেও কমিটি অনুমোদন হওয়ায় প্রত্যাশায় বিস্মিত হয়েছে এলাকার জনপ্রতিনিধি ও সুধীসমাজ।

ম্যানেজিং কমিটি গঠনের লক্ষে নিয়োগকৃত প্রিজাইডিং অফিসার ও জীবননগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দীনেশচন্দ্র পাল গত ১৮ নভেম্বর নির্বাচনী তফশীল ঘোষণা করেন। কিন্তু তফসীল ঘোষণার পর তা বহুল প্রচলিত স্থানীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করে কিন্তু প্রতিষ্ঠান এলাকায় নিবিড় মাইকিং এর বিধান থাকলেও তা করা হয়নি।
মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের নব গঠিত সভাপতি গোলাম রসুলের ক্ষমতার দাপট দেখিয়ে অফিস সহকারী এসএম আকরাম হোসেনের কারসাজিতে প্রধান শিক্ষক প্ররোচিত হয়ে অর্থ লেনদেনের মাধ্যমে মাধ্যমিক শিক্ষা অফিসার দীনেশচন্দ্র পাল প্রিজাইডিং অফিসার ৪ ডিসেম্বর ম্যানেজিং কমিটির নির্বাচন হওয়ার কথা থাকলেও নির্বাচন না করেই গত তিন আগেই রাতের আধারে মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের পকেট কমিটি গঠন করে অনুমোদন করেছে দেই।

মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনের আইন কানুন নিয়ম-নীতির তোয়াক্কা না করেই প্রশাসনকে বোকা বানিয়ে অভিভাবক ও ম্যানেজিং কমিটির সদস্যদের কে নোটিশ না দিয়েই এবং রেজুলেশনে স্বাক্ষর জালিয়াতি করে নির্বাচন সম্পন্ন না করেই সভাপতি নির্বাচন করা হয়েছে।

অপরদিকে নতুন সভাপতি গঠন করার লক্ষ্যে নির্বাচনের জন্য প্রধান শিক্ষকের পক্ষ থেকে নির্বাচিত সদস্যদের নিয়ে সভা আহ্বান করার কথা থাকলেও তা না করে প্রিজাইডিং অফিসার তার নিজ স্বাক্ষরিত নোটিশ প্রদানের মাধ্যমে সিলেকশনের মাধ্যমে তা শেষ করেছেন।

এ পরিস্থিতিতে ম্যানেজিং কমিটি গঠনে সরকারী নিয়মনীতি সঠিকভাবে অনুসরণ করে সভাপতি নির্বাচন এবং অভিভাবকদের ভোটার হালনাগাদ করে শিক্ষার মান উন্নয়নে ভূমিকা রাখবে এবং প্রতিষ্ঠানের এসব অনিয়ম দুর্নীতি, স্কুলের আয়-ব্যয়ের হিসাব নিকাশ এবং স্কুল ফান্ডের অর্থ যাতে কোন প্রকার লুটপাট না হয় সেদিকে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছে এলাকার সুধীজনেরা।

এ বিষয়ে মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য মাসুদ খাঁন সাংবাদিকদের জানান, মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি নির্বাচিত হতো অভিভাবকদের ভোটের মাধ্যমে কিন্তু এবার ব্যাতিক্রম হলো। তবে আগের কমিটি ছিলো অভিভাবকদের পছন্দের এবং ভোটের মাধ্যমে কিন্তু বর্তমানে যে পকেট কমিটি গঠনের পায়তারা করা হচ্ছে তা একান্ত ব্যক্তিনির্ভর ও একটি স্বার্থনেষি মহলের দূর্নীতির ফসল। কমিটি যতটুকু জেনেছি তা শাক দিয়ে মাছ ঢাকতে মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের অফিস সহকারী ক্লার্ক আকরামের পকেট কমিটি । স্কুলের প্রকৃত অর্থে উনি একজন দুর্ণীতি ও সমস্ত অপকর্মের মূলহোতা।

মিটিং না ডেকেও মিটিংয়ে স্বাক্ষর জালিয়াতু করা, ছাত্রছাত্রীদের বিভিন্ন অনিয়ম, ৮ম শ্রেণী পাস সার্টিফিকেট সিনেমার টিকিট বিক্রি করার মতো করে রেজিষ্ট্রেশন মেইনটেইন না করেই প্রধান শিক্ষকে না জানিয়ে এমন হেন কাজ নেই যে তিনি করেন না। তার এসব কুকর্ম ফাঁস হয়ে যাওয়ার ভয়তে এখন এখানে তার পছন্দের পকেট কমিটি দিতে সর্বাত্বক চেষ্ঠা করেছেন বলে মনে করেন শিক্ষা অনুরাজ্ঞী সুধীসমাজ।

মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল খালেক বলেন,

আমরা কোন সিলেকশন করিনি আমরা ইলেকশনের মাধ্যমে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি তৈরি করেছি।

জীবননগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দ্বিনেশচন্দ্র পাল বলেন, মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়র ম্যানেজিং কমিটি নির্বাচনে কোন প্রার্থী না থাকায় সিলেকশনরে মাধ্যমে শেষ হয়েছে।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম বলেন, মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি নিয়ে যে অভিযোগ উঠেছে এখনও পর্যন্ত কেউ লিখিত অভিযোগ করেনি তবে লিখিত অভিযোগ পেলে তদন্তপূর্বক ব্যবস্থা নেওয়া হবে।

- জীবননগর প্রতিনিধি

জীবননগরে ফেন্সিডিলসহ আটক -২

জীবননগরে ৪০ বোতল ফেন্সিডিলসহ দুই নারী মাদক ব্যবসায়ী আটক হয়েছে।
গতকাল বৃহস্পতিবার জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলামের নির্দেশে জীবননগর থানার এস আই নাহিরুল ইসলাম, এ এস আই নুর হোসেন, এ এস আই পলাশ সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে সীমান্ত এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে হেলিপ্যান্ডের সামনে থেকে তাদের আটক করেন।

তারা হলেন নড়াইল জেলার বড়দিয়া গ্রামের সুমন মোল্লার স্ত্রী প্রিয়া খাতুন (২৫) এবং মাগুরা জেলার শালিখা থানার রাজিম পাড়ার মৃত রওশনের স্ত্রী খাদিজা খাতুনকে (৬০)। পরে তাদের তল্লাশি করে ৪০ বোতল ফেন্সিডিল পাওয়া যায়।

এ ব্যাপারে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

- জীবননগর প্রতিনিধি

জীবননগরে ২১তম জাতীয় প্রতিবন্ধী দিবস পালিত

জীবননগরে ২১তম জাতীয় প্রতিবন্ধী দিবস পালিত হয়েছে।
গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসন ও সমাজসেবা অফিসের আয়োজনে জাতীয় প্রতিবন্ধী দিবস উপলক্ষে উপজেলা পরিষদ থেকে একটি র্যালীবের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলামের সভাপতিত্বে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান। বিশষে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী।

এদিকে একই দিনে উপজেলার সীমান্ত ইউনিয়ন ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে জাতীয় প্রতিবন্ধী দিবস পালিত হয়েছে। সীমান্ত ইউপি সদস্য আসাদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজ সেবা অফিসার মাসুদুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সাংবাদিক মিঠুন মাহমুদ, আওয়ামী লীগ নেতা আলী আহম্মদ, সমৃদ্ধি কর্মসূচির সমন্বকারী আশরাফুজ্জামান, সাবেক ইউপি সদস্য রবিউল ইসলাম প্রমুখ।
আলোচনা সভা শেষে প্রতিবন্ধীদের মাঝে অতিথিগণ হুইল চেয়ার বিতারণ করেন। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন আসাদুজ্জামান লিটন।

- জীবননগর প্রতিনিধি

চুয়াডাঙ্গায় প্রতিবন্ধীদের মাঝে ক্ষুদ্রঋণ ও সহায়ক উপকরণ বিতরণ

‘অভিগম্য আগামীর পথে’ এ শ্লোগানে চুয়াডাঙ্গায় ২৮তম আন্তর্জাতিক ও ২১তম জাতীয় প্রতিবন্ধী দিবস-২০১৯ উদযাপন করা হয়েছে।

দিবসটি উপলক্ষে গতকাল বৃহস্পতিবার দুপুর ১২টায় জেলা প্রশাসক কার্যালয় চত্বরের ডিসি সাহিত্য মঞ্চে আলোচনা সভা ও প্রতিবন্ধীদের মাঝে সহায়ক উপকরণ বিতরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক সন্তোষ কুমার নাথের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিশেষ অতিথি হিসেবে মেডিকেল অফিসার ডা. আওলিয়ার রহমান, সমাজকল্যাণ পরিষদ সদস্য মুন্সি আলমগীর হান্নান ও শহর সমাজসেবা কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন বক্তব্য রাখেন।

এসময় দগ্ধ ও প্রতিবন্ধী পূণঃর্বাসন ক্ষুদ্র ঋণ কার্যক্রমে চার ব্যক্তিকে ১ লাখ ১০ হাজার টাকা ঋণ প্রদান এবং একজন শিশুকে ১০ হাজার টাকা অনুদান প্রদান করা হয়। এছাড়া ১১ জন প্রতিবন্ধীকে সহায়ক উপকরণ বিতরণ করা হয় ।
অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, ‘প্রতিবন্ধীদের জন্য সরকারি সহায়তা বৃদ্ধি করা হয়েছে। প্রতিবন্ধীদের বাদ রেখে টেকসই উন্নয়ন সম্ভব নয়। তাদের মূল¯◌্রোতের সাথে এগিয়ে নিতে হবে। এজন্য সমাজের সচেতন ও বিত্তবানদের এগিয়ে আসতে হবে।

- নিজস্ব প্রতিনিধি

চুয়াডাঙ্গায় প্রতিবন্ধীদের মাঝে ক্ষুদ্রঋণ ও সহায়ক উপকরণ বিতরণ

‘অভিগম্য আগামীর পথে’ এ শ্লোগানে চুয়াডাঙ্গায় ২৮তম আন্তর্জাতিক ও ২১তম জাতীয় প্রতিবন্ধী দিবস-২০১৯ উদযাপন করা হয়েছে।

দিবসটি উপলক্ষে গতকাল বৃহস্পতিবার দুপুর ১২টায় জেলা প্রশাসক কার্যালয় চত্বরের ডিসি সাহিত্য মঞ্চে আলোচনা সভা ও প্রতিবন্ধীদের মাঝে সহায়ক উপকরণ বিতরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক সন্তোষ কুমার নাথের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

বিশেষ অতিথি হিসেবে মেডিকেল অফিসার ডা. আওলিয়ার রহমান, সমাজ কল্যাণ পরিষদ সদস্য মুন্সি আলমগীর হান্নান ও শহর সমাজসেবা কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন বক্তব্য রাখেন।

এসময় দগ্ধ ও প্রতিবন্ধী পূণঃর্বাসন ক্ষুদ্র ঋণ কার্যক্রমে চার ব্যক্তিকে ১ লাখ ১০ হাজার টাকা ঋণ প্রদান এবং একজন শিশুকে ১০ হাজার টাকা অনুদান প্রদান করা হয়। এছাড়া ১১ জন প্রতিবন্ধীকে সহায়ক উপকরণ বিতরণ করা হয় ।
অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, ‘প্রতিবন্ধীদের জন্য সরকারি সহায়তা বৃদ্ধি করা হয়েছে। প্রতিবন্ধীদের বাদ রেখে টেকসই উন্নয়ন সম্ভব নয়। তাদের মূল¯◌্রোতের সাথে এগিয়ে নিতে হবে। এজন্য সমাজের সচেতন ও বিত্তবানদের এগিয়ে আসতে হবে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় পরিবার পরিকল্পনা বিভাগের উদ্যোগে এডভোকেসি সভা ও প্রেস ব্রিফিং অনুুষ্ঠিত

‘পরিবার পরিকল্পনা সেবা গ্রহণ করি, কৈশোর কালীন মাতৃত্ব রোধ করি’ এ শ্লোগানে চুয়াডাঙ্গায় পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন করা হয়েছে।

এ উপলক্ষে গতকাল বৃহস্পতিবার বেলা ১০টায় জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে এডভোকেসি সভা ও প্রেস ব্রিফিংয়ের আয়োজন করা হয়। আগামী ৭ ডিসেম্বর থেকে ১২ ডিসেম্বর পর্যন্ত সেবা ও প্রচার সপ্তাহ পালন করা হবে।
চুয়াডাঙ্গা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক দীপক কুমার সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

বিশেষ অতিথি হিসেবে অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) কানাই লাল সরকার ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ ইয়াহ ইয়া খান বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা. বেলাল উদ্দিন। পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রেজেন্টেশন উপস্থাপন করেন ডা. শফিকুল ইসলাম।

অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, কৈশর কালীন মাতৃত্বের বর্তমান হার প্রতি লাখে ১১৩ হতে ২০৩০ সালের মধ্যে প্রতি লাখে ৫০-এ নামিয়ে আনতে হবে। মা ও শিশুস্বাস্থ্য এবং কৈশোর কালীন স্বাস্থ্যসেবা বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করতে হবে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

দর্শনার আকন্দবাড়িয়ার মাদকসম্রাট মহি ১ গাঁজা সহ আট

চুয়াডাঙ্গা সদর উপজেলার আকন্দবাড়িয়ার মাদক সম্রাট মহি ১ কেজি গাঁজা সহ পুলিশের হাতে আটক হয়েছে।

গতকাল বুধবার দুপুর ২ টার দিকে স্বরাষ্ট্রমন্ত্রলয়ের তালিকা ভুক্ত মাদক ব্যাবসায়ী মহিরকে (মহি) এক কেজি গাঁজা সহ আটক করে বেগমপুর ক্যাম্প পুলিশ।

জানাগেছে, গোপন সংবাদের ভিত্তিতে চয়াডাঙ্গা সদর ওসি আবু জিহাদ মো: ফকুরুল আলমের নির্দেশে বেগমপুর ক্যাম্প ইনচার্জ এসআই রাজীব আলী, এএসআই আশরাফুজ্জামান সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে আকন্দবাড়িয়ার আবাসনের হাসানের চায়ের দোকানের সামনে থেকে নতুনপাড়া গ্রামের মৃত কফিল উদ্দিনের ছেলে মহির (৪৭) কে ১ কেজি গাঁজা সহ আটক করে।

আটককৃতর হাতে থাকা বাজারের ব্যাগ থেকে উদ্ধার করা হয় ১ কেজি গাজা। এবিষয়ে এস আই রাজীব আলী বাদী হয়ে মাদক আইনে মামলা দায়ের করেন।

- দর্শনা প্রতিনিধি

দর্শনায় পৃথক অভিযানে ফেনসিডিল সহ ৩ জন গ্রেফতার

দর্শনা পুলিশ ও জেলা গোয়েন্দা পুলিশের মাদক বিরোধী পৃথক অভিযান চালিয়ে ৪’শ ৪ বোতল ফেনসিডিল সহ ৩ জন মাদক ব্যাবসায়ী কে আটক করেছে।
জানা গেছে, গতকাল বুধবার রাত ৮ টার দিকে দর্শনা তদন্ত কেন্দ্রের ইন্সপেক্টর শেখ মাহবুবুর রহমানের নেতৃত্বে অভিযান চালায় পারকেষ্টপুর রাস্তার উপর।

এ সময় দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রের এ এস আই মারুফ হোসেন গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে মোস্তফিজুর রহমান মোস্তাক (৩৫) কে ৪ বোতল ফেনসিডিল সহ তাকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত মোস্তফিজুর মোস্তাক দামুড়হুদা উপজেলার পারকেষ্টপুর মদনা ইউনিয়নের ছমির বিশ্বাসের ছেলে।

অপরদিকে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা পুলিশ দর্শনা দক্ষিণ চাঁদপুর টাওয়ার পাড়ার রহিম ও হাবিবুর কে ৪’শ বোতল ফেনসিডিল সহ আটক করেছে।

গত মঙ্গলবার রাত সাড়ে ৭ টার দিকে দর্শনা পল্লি বিদুৎ অফিসের সামনের রাস্তার উপর থেকে তাদের কে আটক করে।

জেলা গোয়েন্দা পুলিশের এস আই আবু বক্কর সিদ্দিক, এএসআই রুহুল আমিন ও এএসআই মিলন হোসেন সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় দর্শনা পল্লি বিদুৎতের সামনে।

এ সময় পুলিশ দামুড়হুদা উপজেলার দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের লাল মিয়ার ছেলে হাবিবুর রহমান (৩০) ও একই গ্রামের আবুল কালামের ছেলে আব্দুর রহমান (৩৮) কে ফেনসিডিল সহ গ্রেপ্তার করে।

এ তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ২ টি বস্তা, বস্তা দুটি তল্লাশি করে ৪’শ বোতল ফেনসিডিল জব্দ করা হয়।
পরে আটককৃত দুজনের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে।

- দর্শনা প্রতিনিধি

দর্শনায় কাচা বাজারে আগুন

শীত মৌসুম হওয়ায় দর্শনা বাজারে দেখা মিলছে বিভিন্ন ধরনের কাঁচা তরকারি। কিন্তু শীত মৌসুমি কাচা তরকারির দাম আকাশ ছোয়া, এই দাম বৃদ্ধিতে বিপাকে পড়েছেন মধ্যবিত্ত পরিবারের মানুষ গুলো।

প্রায় সকলের প্রতিদিনের খাবারের তালিকায় থাকে আলু কিন্তু বাজারে শীতের নতুন আলু বিক্রি হচ্ছে প্রতি কেজি ৫০ থেকে ৬০ টাকা, পুরাতন আলু ২৫-৩০ টাকা, বেগুন ৩০-৩৫ টাকা, নতুন শিম ৩০-৩৫ টাকা, টমেটো ৫০-৬০ টাকা,

পাতাকপি ৩০-৪০ টাকা, ফুলকপি ২৫-৩০ টাকা, কাঁচামরিচ ২০-৩০ টাকা, কাচকলা ২৫-৩০ টাকা, পেঁপে ১৫-২০ টাকা, শশা ৫০-৫৫ টাকা, রসুন ১৮০-২০০ টাকা, এছাড়াও সকল সবজির দামও বেশি।

তবে পেঁয়াজ নিয়ে নানা জল্পনা কল্পনা থাকলেও কমছে না পেঁয়াজের ঝাঁজ, দেশী পেঁয়াজ বিক্রি হচ্ছে ২২০-২৪০ টাকা, ইন্ডিয়ান পেঁয়াজ ২০০ টাকা।

পেঁয়াজের সাথে পাল্লা দিয়ে দাম বেড়েছে ভোজ্য তেলের, বোতল জাত তেলের দাম লিটারে বেড়েছে ৮-১০ টাকা, খোলা তেল বিক্রি হচ্ছে ৮৫-৯০ টাকা। লবনের দাম ঠিক থাকলেও সকল মসলার দাম বৃদ্ধি পেয়েছে। চালের দাম বেড়েছে কেজি প্রতি ৪-৫ টাকা।

এই মূল্য বৃদ্ধির কারণে নিম্ন আয়ের মানুষ হিমশিম খাচ্ছে দৈনন্দিন জীবন যাপন পার করতে।

- দর্শনাা প্রতিনিধি

আলমডাঙ্গার চিৎলায় সারের গোডাউনে অগ্নিকা- ৫০ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় একটি সার-কীটনাশক ও জ্বালানি তেলের গোডাউনে অগ্নিকা-◌ের ঘটনা ঘটেছে।

গতকাল বুধবার সকাল ১০টায় উপজেলার চিৎলা গ্রামে প্রবাসী মাসুম

বিল্লাহর গোডাউনে ওই অগ্নিকা-◌ের ঘটনা ঘটে। খবর পেয়ে ঘটনাস্থলে এসে প্রায় ৪ ঘন্টা চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে নেয় চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিসের ৩টি ইউনিট।

স্থানীয়রা জানান, সকালে প্রবাসী মাসুম বিল্লাহর তিনতলা বিশিষ্ট ভবনে পাইপ ফিটিংসের কাজ করছিল শ্রমিকরা। পাইপ ফিটিংসের কাজে আগুন ব্যবহার করছিল তারা। এসময় অসাবধানতা বসত আগুনের ফুলকি ভবনের নিচে পড়ে গোডাউনে আগুন লেগে যায়।

এতে গোডাউনে থাকা ২০ ড্রাম ডিজেল ও পেট্রোল, ৭০০ বস্তা বিভিন্ন ধরনের সার, কীটনাশক, বিভিন্ন প্রকার প্লাস্টিক পাইপসহ ৭০০ বস্তা সিমেন্ট পুড়ে যায়।

পুড়ে যায় পাশে থাকা বিচুলি ও পাট খড়ি। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিসের ৩টি ইউনিট।

প্রবাসী মাসুম বিল্লাহর ভাই হাবিবুর রহমান জানান, সকালে শ্রমিকরা পাইপ ফিটিংসের কাজ করার সময় আগুন ব্যবহার করছিল।

এসময় অসাবধানতা বসত আগুনের ফুলকি ভবনের নিচে থাকা পাট খড়ি ও বিচুলির গাদায় পড়ে। এতে দাও দাও করে জ্বলতে থাকে আগুন। এক পর্যায়ে আগুন লাগে গোডাউনের ভিতরে।

চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিসের উপ-সহকারি পরিচালক আব্দুস সালাম জানান, সকাল থেকে প্রায় ৪ ঘন্টা চেষ্টার পর দুপুরের দিকে নিয়ন্ত্রণে আসে আগুন। এতে আনুমানিক ৫০ লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

- আলমডাঙ্গা প্রতিনিধি